Civil Services (Main) Examination, 2026

KVMS–U–BNG

বাংলা

প্রশ্নপত্র—I

(সাহিত্য)

নির্ধারিত সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম (1) এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে সেটি স্পষ্টভাবে কেটে দেবেন। নাহলে সেটি অসম্পূর্ণ থাকলেও পরীক্ষা করা হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার যে অংশ খালি থাকবে তা পরিষ্কারভাবে কেটে দেবেন।

BENGALI

PAPER—I

(LITERATURE)

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

Please read each of the following instructions carefully before attempting questions

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

Optional Province · optionalprovince.com

SECTION—A

1. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) ইন্দো-ইউরোপীয় ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভবের যাত্রাপথটি ছকের সাহায্যে তুলে ধরুন।

(b) বাংলা ভাষার দেশী শব্দের উপর একটি নিবন্ধ রচনা করুন।

(c) বাংলা ভাষা-পরিবারের উপভাষা কয়টি? সংক্ষেপে প্রধান দুটি উপভাষার পরিচয় লিখুন। 2+(4+4)=10

(d) নিদর্শনসহ সংক্ষেপে বাংলা ভাষার যুগবিভাগ করুন।

(e) বাংলা ভাষায় সাধু রীতির বৈশিষ্ট্যগুলির পরিচয় দিন।

2. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের কারণগুলি আলোচনা করুন। 15

(b) একালের বাংলা ভাষার বাক্য গঠন-তত্ত্ব সম্পর্কে একটি নিবন্ধ লিখুন। 20

(c) বাংলা বানান সমস্যার জন্যে বাংলা বর্ণমালার দায় কতটা, উদাহরণ দিয়ে আলোচনা করুন। 15

3. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) সামাজিক উপভাষা (Social Dialect) বলতে কী বোঝায়? সামাজিক উপভাষা উদ্ভবের বিচিত্র প্রেক্ষাপটের পরিচয় দিন। 5+10=15

(b) বাংলা কি সংস্কৃত ভাষা থেকে সৃষ্টি হয়েছে? উদাহরণ ও যুক্তিসহ নিজের মতামত ব্যক্ত করুন। 20

(c) বাংলা ভাষায় আধুনিক যুগের সূচনা কবে থেকে হয়েছে? আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য তুলে ধরুন। 3+12=15

4. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) উচ্চারণস্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণীবিভাগ করুন। 15

(b) কী কী কারণে ধ্বনিপরিবর্তন হয়? বিপ্রকর্ষ, অভিশ্রুতি, সমীভবন, বিপর্যাস-এর উদাহরণ দিয়ে সেখানে কীভাবে ধ্বনিপরিবর্তন হচ্ছে, দেখান। 10+10=20

(c) উদাহরণসহ কারক ও বিভক্তির সংজ্ঞা দিয়ে তাদের পারস্পরিকতা নিরূপণ করুন। 15

Optional Province · optionalprovince.com

SECTION—B

5. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) 'ভাগবত'-এর অনুবাদ জনপ্রিয় না হওয়ার কারণ নির্দেশ করুন।

(b) প্রকরণের দিক থেকে বাংলা মধ্যযুগীয় সাহিত্যের শ্রেণী ভাগ করুন উদাহরণসহ।

(c) প্রাগাধুনিক বাংলা সাহিত্যের বৈশিষ্ট্য নির্ণয় করুন।

(d) মঙ্গলকাব্য বাঙালি জীবনের ছোট ছোট বাস্তবকে তুলে ধরেছে। আলোচনা করুন।

(e) ঊনবিংশ শতাব্দীতে গীতিকবিতা যাঁরা লিখেছেন, তাঁরা ইংরেজী ভাষার অন্তর্বস্তু বাংলায় উপস্থাপনের চেষ্টা করেছেন—বলা যায় কিনা বিচার করুন।

6. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বঙ্কিমচন্দ্র বাংলা উপন্যাসে জাতীয়তাবাদী ধারার প্রবর্তক—আলোচনা করুন। 15

(b) ঈশ্বরচন্দ্র গুপ্তকে কি যুগসন্ধির কবি বলা যায়? উদাহরণসহ আপনার মত ব্যক্ত করুন। 15

(c) বাংলা কথাসাহিত্যে আধুনিক উপলব্ধি একটু জটিল করে এঁকেছেন মানিক বন্দ্যোপাধ্যায়। উদাহরণ দিয়ে আলোচনা করুন। 20

7. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) রবীন্দ্র-পরবর্তী বাংলা কবিতার বৈশিষ্ট্য ব্যক্ত করুন। 15

(b) বিদ্যাসাগর যত বড়ো না শিল্পী, তার চেয়ে বেশি সংস্কারক—এর পরিপ্রেক্ষিতে গদ্য রচয়িতা বিদ্যাসাগরের মূল্যায়ন করুন। 20

(c) বাংলা নাটকের ক্ষেত্রে গণনাট্য সংঘের অবদান ব্যক্ত করুন। 15

8. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) মধ্যযুগীয় বাংলা সাহিত্যে 'ময়মনসিংহ গীতিকা'র স্বাতন্ত্র্য আলোচনা করুন। 15

(b) শিলাইদহ পর্ব রবীন্দ্রনাথের গল্পকে কেমন সমৃদ্ধ করেছিল, উদাহরণযোগে তুলে ধরুন। 20

(c) বাংলা কবিতার ধারায় মানকুমারী বসুর অবদান বিচার করুন। 15

★★★

Optional Province · optionalprovince.com